

**মহাদেবপুর জাহাঙ্গীর আলিম মাদ্রাসা
কম্পিউটার না থাকলেও শিক্ষক
আছেন, আছে বেতন ভাতাও**

প্রতিনিধি, মহাদেবপুর (নওগাঁ)

ভাড়া করা কম্পিউটার দেখিয়ে বিষয় চাপুর
এক বছরেও কম্পিউটার কিনতে পারেনি

জাহাঙ্গীরপুর আলিম মাদ্রাসা। তবে
নিয়মিতভাবে বেতন ভূলে চলেছেন কম্পিউটার
বিভাগের এক শিক্ষক।

উপজেলার জাহাঙ্গীরপুর আলিম মাদ্রাসায়
২০০৩ সালে কম্পিউটার শাখা খোলা হয়।
কম্পিউটার শাখা খোলার ব্যাপারে সংশ্লিষ্ট
বোর্ডের অনুমোদন চাওয়া হলে জেলা শিক্ষা
অফিসার মাদ্রাসা পরিদর্শনে আসেন। মাদ্রাসা
সুপার এ সময় একটি ভাড়া করা কম্পিউটার
ডাকে দেখান। তারপর এক বছর পার হলেও
মাদ্রাসায় কোন কম্পিউটার কেনা হয়নি। এ
বিজ্ঞানে শিক্ষার্থীরা কোন সুফল না পেলেও
সরকারি বেতন-ভাতা হিসেবে এক বছরে প্রায়
পৌনে ১ লাখ টাকা ভুলে নিয়েছেন শিক্ষক
নাজমুল ইসলাম।

মাদ্রাসা সুপার আজিজুল ইসলাম জানান,
সরকারিভাবে দুটি কম্পিউটার পাওয়ার
সম্ভাবনা থাকায় কেনা হয়নি। এ ব্যাপারে
উপজেলা নির্বাহী কর্মকর্তা মাদ্রাসা শিক্ষা
কমিটির সভাপতি রেজাউল করীর এ ব্যাপারে
কিছুই জানেন না বলে সংবাদকে জানান।